অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/5/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন এই সেপ্টেম্বরে ব্রডওয়ে তার দরজাগুলি পুরোপুরি পুনরায় খুলবে

মে 6 থেকে শুরু করে এবং মে মাস জুড়ে, ব্রডওয়ের টিকিট বিক্রি শুরু হবে 14 সেপ্টেম্বর থেকে শুরু শোগুলির জন্য

থিয়েটারের ধারণ ক্ষমতার 100%-তে টিকিট উপলব্ধ করা হবে

প্রযোজনা, থিয়েটার এবং অংশগ্রহণকারীরা রাজ্যের স্বাস্থ্য নির্দেশিকার অধীনে থাকবেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে ব্রডওয়ে এই সেপ্টেম্বরে তার দরজা পুরোপুরি পুনরায় খুলবে, রাজ্যের স্বাস্থ্য ও সুরক্ষা নির্দেশিকা অনুযায়ী। 6 মে থেকে, এবং মে মাস জুড়ে ব্রডওয়ের শোগুলির টিকিট – যা 14 সেপ্টেম্বর, 2021 থেকে শুরু হবে – থিয়েটারgulir dharoN ক্ষমতার ১০০ শতাংশতে বিক্রির জন্য উপলব্ধ করা হবে। আজকের ঘোষণাটি গত মাসে সীমিত ধারণ ক্ষমতা সহ পারফর্মিং আর্টস এবং লাইভ এন্টারটেইনমেন্ট ভেন্যুগুলি পুনরায় খোলার উপর ভিত্তি করে গড়ে তুলছে এবং ব্রডওয়ের শোগুলির শ্রতকাল জুড়ে প্রেক্ষাগৃহে ফিরে আসার জন্য পরিবেশ প্রস্তুত করেছে।

"ব্রডওয়ে আমাদের নিউ ইয়র্কের পরিচয়ের মূলে রয়েছে, এবং আমাদের অর্থনীতির একটি বড় অংশ, যা অগণিত পারফর্মার এবং শো নির্মাতাদের নিয়োগ করে, এবং এই সেপ্টেম্বর থেকে তারা শোগুলি অনুষ্ঠিত করতে থাকবে," **গভর্নর কুওমো বলেন।** "সারা বিশ্ব থেকে দর্শনার্থীরা নিউ ইয়র্কে এসেছেন শিল্প ও সংস্কৃতির অভিজ্ঞতা নিতে এবং ব্রডওয়েতে জনপ্রিয় পারফর্মেন্সগুলি দেখতে, এবং দুঃখজনকভাবে, মহামারী নিউ ইয়র্কের এই অনন্য অভিজ্ঞতাকে থানিয়ে দিয়েছে। সৌভাগ্যবশত, যখন আমরা তথ্য পর্যবেক্ষণ করা এবং আমাদের অর্থনীতি পুনরায় চালু করে চলেছি, আমরা এখন ব্রডওয়েতে পূর্ণ ধারণ ক্ষমতাতে প্রযোজনাগুলিকে এই সেপ্টেম্বর থেকে আবার শুরু করার অনুমতি দেওয়ার পথে রয়েছি, যা এই জনপ্রিয় বিশ্ববিখ্যাত আকর্ষণকে ফিরিয়ে আনবে।"

ব্রডওয়ে লিগের (Broadway League) সভাপতি শার্লট সেন্ট মার্টিন বলেছেন, "ব্রডওয়ের প্রায় 100,000 মানুষের পক্ষ থেকে যারা ব্রডওয়েতে জীবিকা নির্বাহ করেন – মঞ্চে, ব্যাকস্টেজে, এবং শহর এবং রাজ্য জুড়ে – আমরা আজ গভর্নর কুওমোর সমর্থন পেয়ে অত্যন্ত তৃপ্ত। ব্রডওয়ে পুনরায় শুরু করা একটি জটিল প্রচেষ্টা, যার জন্য দীর্ঘ সময় প্রয়োজন প্রযোজনাগুলির জন্য, সারা দেশ এবং সারা বিশ্বের এক সমর্থনকারী দর্শকদের সাথে পুনরায় সংযোগ পুনরায় স্থাপনের জন্য। শরৎকালের

জন্য আমাদের অনুষ্ঠানগুলি এখন বিক্রয় করার জন্য গভর্নরের দেওয়া আজকের সবুজ সংকেত আমাদের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। ব্রডওয়ে NYC-র পর্যটনের হৃদস্পন্দন এবং আমরা সেই দিনের জন্য অপেক্ষা করছি যখন শীঘ্রই আমাদের হৃদয় একটি লাইভ আনন্দময় দর্শকদের সামনে স্পন্দন করবে।"

সারাহ বারেলিস, গায়ক, গীতিকার, অভিনেত্রী এবং সুরকার এবং ব্রডওয়ের সঙ্গীত ওয়েট্রেসের লিরিস্ট, বলেন, "ব্রডওয়ে সম্প্রদায় এবং তার ভক্তদের দলের উদযাপন করার মতো উপাদান উপলব্ধ! আমরা যে খবরের জন্য অপেক্ষা করছিলাম তা অবশেষে এসে পৌঁছেছে। যখন আমরা শরতে পৌঁছাব, ততক্ষণে প্রায় 18 মাস কেটে যাবে যখন আমার সহঅভিনেতা, সঙ্গীতশিল্পী এবং ক্রুয়ের সদস্যরা আমরা যা সব চেয়ে বেশি ভালবাসি তা করতে সক্ষম হয়েছে: তা হল নিউ ইয়র্কের দর্শক দ্বারা পূর্ণ একটি থিয়েটারে সরাসরি পারফর্ম করা। এখন কাজে ফিরে আসার সময়, এবং আমি খুব শীঘ্রই মঞ্চে ফিরে আসার জন্য উদগ্রীব। ব্রডওয়েকে কিছুই পরাজিত করে না এবং এটি আগের চেয়ে শক্তিশালী হয়ে ফিরে আসছে।"

এই বিশ্বমানের সাংস্কৃতিক অভিজ্ঞতার নিরাপদ, সফল প্রত্যাবর্তনের পরিকল্পনা করার জন্য রাজ্য ব্রডওয়ে শিল্পের অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাবে। জনস্বাস্থ্যের অবস্থা এবং পারফর্মিং আর্টস এবং লাইভ বিনোদনের জন্য রাজ্যের নির্দেশিকা পরিবর্তনের সাথে, ব্রডওয়ে স্টেকহোল্ডাররা নমনীয় থাকবেন এবং প্রযোজ্য স্বাস্থ্য প্রোটোকলের সাথে মানিয়ে নেবেন, যেমন মুখের আবরণ, স্বাস্থ্য স্ক্রিনিং, বর্ধিত বায়ু পরিস্রাবণ এবং বায়ুচলাচল, এবং কঠোর পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণ।

শোগুলির জন্য অগ্রিম বিক্রয় টিকিট এবং বিপণনের উপলব্ধতা পূর্ণ ধারণ ক্ষমতায় পুনরায় খোলার মাসব্যাপী প্রক্রিয়া শুরু করে, যা অনেক দীর্ঘ এবং সফল ব্রডওয়ে অনুষ্ঠান বজায় রাখার জন্য গতিবেগ তৈরি করে। গভর্নর, স্বাস্থ্য বিভাগ (Department of Health), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), এবং স্টেট এজেন্সির অংশীদাররা শ্রোতা, পারফর্মার এবং কর্মীদের উপভোগ, পারফর্ম এবং কাজ করার জন্য নিরাপদ এবং স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করার অঙ্গিকারবদ্ধতায় শিল্পের সাথে যোগদান করে। যদি জনস্বাস্থ্যের অবস্থার কারণে পারফর্মেন্স স্থগিত করার প্রয়োজন হয়, তাহলে প্রেক্ষাগৃহগুলি গ্রাহকদের জন্য অনুকূল অর্থ ফেরত দেওয়ার এবং বিনিময় নীতি প্রদান করার পরিকল্পনা করেছে।

নিউ ইয়র্ক সিটিতে পারফর্মেন্স শিল্পকে সমর্থন করার জন্য, 2022 অর্থবছরের প্রণীত বাজেটে ক্ষুদ্র ব্যবসা ও শিল্প ত্রাণ এবং পুনরুদ্ধার সহায়তা বাবদ 1 বিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত ছিল, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটি মিউজিক্যাল অ্যান্ড থিয়েট্রিক্যাল প্রোডাকশন ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম (New York City Musical and Theatrical Production Tax Credit Program) যা শিল্পটিকে শুরু করতে এবং নিউ ইয়র্ক সিটিতে পর্যটনকে পুনরুজ্জীবিত করতে 100 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ট্যাক্স ক্রেডিট প্রদান করে। এই প্রোগ্রামের অধীনে, যে প্রযোজনাগুলির ডিসেম্বর 2022 জুড়ে তাদের প্রথম পারফর্মেন্স নির্ধারিত করেছে তারা যোগ্য ব্যয়ের উপর 25 শতাংশ ক্রেডিটের জন্য যোগ্য।

মহামারীর আগে, প্রতি সপ্তাহে প্রায় 250,000 মানুষ একটি ব্রডওয়ে শো দেখছিল। ব্রডওয়ে প্রায় 97,000 স্থানীয় চাকরির ব্যবস্থা করে এবং নিউ ইয়র্ক সিটি অর্থনীতিতে প্রতি বছর প্রায় 14.7 বিলিয়ন মার্কিন ডলার অবদান রাখে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে ব্রডওয়ে লিগের (Broadway League), যা এই শিল্পের ট্রেড অ্যাসোসিয়েশন, তাদের ওয়েবসাইটে দেখুন: www.broadway.org/।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন